




স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮-১৮-২

তারিখ: ১৫ এপ্রিল ২০২০

অফিস আদেশ

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অর্থবছরের ডিজিটাল সেবা ই-প্রণোদনা বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর অধীন জরিমানার ২৫ শতাংশ প্রণোদনার অর্থ বিদ্যমান পদ্ধতির পাশাপাশি ই-পেমেন্ট ব্যবস্থা হিসেবে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদানের ব্যবস্থা চালু করা হয়েছে। উক্ত ই-পেমেন্ট ব্যবস্থার মাধ্যমে অভিযোগকারী এখন থেকে ঘরে বসেই জরিমানার ২৫ শতাংশ প্রণোদনার অর্থ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সমগ্র বাংলাদেশের সকল কর্মকর্তার নিকট থেকে (দায়েরকৃত অভিযোগ প্রমাণ সাপেক্ষে) গ্রহণ করতে পারবেন।

এমতাবস্থায়, যারা জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এই ই-প্রণোদনার অর্থ গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে “ডিজিটাল সেবা ই-প্রণোদনার নির্ধারিত ছক পূরণপূর্বক” প্রণোদনার অর্থ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৫/৪/২০২০

(শামীম আল মামুন)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন : ০২-৮১৮৯০৪৫

ই-মেইল:- dir-admin@dncrp.gov.bd

আবেদনের নিয়মাবলী:

১। অধিদপ্তরের www.dncrp.gov.bd এর মাধ্যমে ই-প্রণোদনা সেবার তথ্য পাওয়া যাবে।

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এটু আই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (সকল), প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল)....., প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার, সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অফিস কপি।